

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা, এফ-৪/বি
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ওয়েব সাইটঃ www.techedu.gov.bd
ই-মেইলঃ techedu09@gmail.com

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১১.২৫.০৭০.১৬ (পার্ট- ২)- ২৮

তারিখঃ ০১ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
১৪ জানুয়ারী, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : ধর্মীয় ও পবিত্র/বিনোদনের স্থানসমূহ পরিদর্শনের উদ্দেশ্যে বিভিন্ন দেশে গমনের অনুমতিসহ বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) মঞ্জুরী প্রসঙ্গে।

সূত্র : ১। স্মারক নং- পিএফ-৬৯৪/১২/২৮, তারিখ : ০৪/০১/২০১৮ খ্রি:।
২। রাপই/সংস্থাপন/২০১৭/৬৫৫, তারিখ : ৩১/১২/২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণ তাদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে নিজ খরচে বিভিন্ন দেশের ধর্মীয় ও পবিত্র/বিনোদনের স্থানসমূহ ভ্রমণের উদ্দেশ্যে নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর ৩(১)(ii) মোতাবেক বাংলাদেশের বাহিরে গমনের অনুমতিসহ বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) মঞ্জুরীর জন্য আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

ক্রঃ নং-	কর্মকর্তার নাম, পদবী ও কর্মসূচি	ভ্রমণের দেশ ও উদ্দেশ্য	ভ্রমণের তারিখ
১।	জনাব মো: আতিয়ার রহমান ইনস্ট্রাক্টর (নন-টেক) যশোর পলিটেকনিক ইনস্টিটিউট।	ভারত বিভিন্ন ধর্মীয় তীর্থস্থানসমূহ পরিদর্শন	১৩/০১/২০১৮ খ্রিঃ তারিখ হতে ২৭/০১/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ হতে মোট ১৫ (পনেরো) দিন।
২।	জনাব মো: এ এস এম হাম্মান কবীর হরাইরা বিন লতিফ ইনস্ট্রাক্টর (সিভিল) রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট।	সিঙ্গাপুর বিনোদনের জন্য	২৭/০১/২০১৮ খ্রিঃ তারিখ হতে ০২/০২/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ হতে মোট ০৭ (সাত) দিন।

২। ছুটি প্রাপ্যতার প্রতিবেদন অনুযায়ী তাদের প্রার্থিত ছুটি পাওনা আছে।

৩। এমতাবস্থায়, উল্লিখিত শিক্ষকগণকে বিভিন্ন দেশের ধর্মীয় ও পবিত্র/বিনোদনের স্থানসমূহ ভ্রমণের উদ্দেশ্যে তাদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ অথবা যাত্রার তারিখ হতে বাংলাদেশের বাহিরে গমনের অনুমতিসহ প্রার্থিত বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) মঞ্জুরীর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/-
(অশোক কুমার বিশ্বাস)
অতিরিক্ত সচিব (কারিগরি)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)


সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা- ১০০০।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।]

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১১.২৫.০৭০.১৬ (পার্ট- ২)- ২৮

তারিখঃ ০১ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
১৪ জানুয়ারী, ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ, যশোর/রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট।
- ২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, যশোর।
- ৪। জনাব ----- পলিটেকনিক ইনস্টিটিউট।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রখানা ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। পিএ টু ডিবি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।


(মো: সামসাদ খলিল)
সহকারী পরিচালক